গাংনীতে পুলিশের অভিযানে গাঁজাসহ একজন আটক

১০০ গ্রাম গাঁজাসহ আলাউদ্দিন ওরফে আলা (৫০) নামের এক মাদক কারবারী আটক করেছে গাংনী থানা পুলিশ।

আলাউদ্দিন গাংনী উপজেলার হিন্দা গ্রামের ভিটাপাড়া এলাকার পাচু মন্ডলের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে আটটার দিকে তার নিজ বাড়িতে পুলিশ অভিযান চালিয়ে তাকে ১০০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেন।

গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহীন মিয়া সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এই ঘটনায় পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আসামি আলাউদ্দিনকে আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানান তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

গাংনীতে মাদক মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মো: কাবেল হোসেন ওরফে কাবিল (৬০) গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল রবিবার দিবাগত রাত সাতটার দিকে তার নিজ বাড়ি হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত কাবিল গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ফরাজীপাড়া

এলাকার মৃত আমির ফরাজীর ছেলে।
গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেছেন।

তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দীর নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আলী শেখ ও সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

কাবেল হোসেন ওরফে কাবিলের বিরুদ্ধে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার মামলা ৩৭ নম্বর মামলা, তারিখ ২৯/০৮/১৮ মামলায় কুষ্টিয়ার জেলা ও দায়রা জ্বজ আদালতের বিচারক তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমান করেন। ওই সময় থেকে পলাতক ছিলেন কাবেল হোসেন।

গ্রেফতাকৃত কাবেল হোসেনকে আজ সোমবার সকালের দিকে কুষ্টিয়া আদালতে নেওয়া হবে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার আকন্দবাড়িয়া রায়পাড়ার ইমরান হোসেন পিল্টু (২৮) কে ১২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত পিল্টু দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া রায়পড়ার ইস্রাফিলের ছেলে।

জানাযায়, আজ রবিবার বিকেল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আলহেরা স্কুলের পিছনে।

এ সময় দর্শনা থানার এস আই ফাহিম হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দক্ষিণ চাঁদপুর গ্রামের সামাদের ভুট্টা ক্ষেতের ভিতর থেকে ইমরান হোসেন পিল্টুকে ১২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে নিয়মিত

কুষ্টিয়ার মিরপুরে ২৩ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

কুষ্টিয়ার মিরপুরে প্রায় ২৩ কোটি টাকার বিভিন্ন মাদকদ্রব্য ধ্বংস করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুরে শহীদ কর্ণেল সামসুল আরেফিন হলে এক মাদক বিরোধী সভা শেষে আনুষ্ঠানিকভাবে এসব মাদকদ্রব্য ধ্বংস করে বিজিবি।

কুষ্টিয়া-৪৭ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল আরিফুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন।

এতে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত হোসেন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা জহুরুল ইসলাম, দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদের প্রমুখ।

এ সময় অতিথিরা ভারতীয় মদের বোতল ভেঙে ও গাঁজায় আগুন ধরিয়ে ধ্বংস কার্যক্রমের উদ্বোধন করেন। এরপর রোলার দিয়ে মদ ও ফেনসিডিলের বোতল নষ্ট করা হয়।

বিজিবি জানায়, গত এক বছরে বিজিবির জব্দ করা ৮ হাজার ৭শ’ ৯৩ বোতল বিদেশী মদ, ৯ হাজার ৪শ’ ৪২ বোতল ফেনসিডিল, ২শ’ ৩৪ কেজি গাঁজা, ১ লক্ষ ৫৮ হাজার ৫শ’ প্যাকেট পাতার বিড়ি, ১ হাজার ৭৮ পিচ ইয়াবা, কোকেন সাড়ে ৯ কেজি, ভায়াগ্রা ৪শ’ ৪৫ পিচ, ২৭ কেজি ৬শ’ গ্রাম হেরোইন ও বিভিন্ন প্রকার ট্যাবলেট ৩ লক্ষ ৫১ পিচ। যার আনুমানিক মূল্য প্রায় ২৩ কোটি টাকা।

বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন বলেন, ‘সীমান্ত এখন অনেকটাই সুরক্ষিত, বিজিবি চেষ্টা করছে মাদকদ্রব্য পুরোপুরি নিয়ন্ত্রণ করতে।

দর্শনায় ফেনসিডিলসহ মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ২ বোতল ফেনসিডিলসহ চিহ্নিত মাদক ব্যবসায়ী মাছুরাকে (৪১) গ্রেফতার করা হয়েছে।

সে দর্শনা থানার আকন্দবাড়িয়া তামালতলা পাড়ার মৃত্য আবুল কালামের স্ত্রী।

জানাযায় গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে, অভিযান চালায় চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের তমালতলা পাড়ার মৃত্য কালামের স্ত্রী মাছুরার বাড়িতে। তখন বাড়ি তল্লাশী করে ২ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন মামলার বাদী হয়ে উক্ত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে। গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মেহেরপুরে মাদকাসক্ত যুবককে কারাদণ্ড

মাদক সেবনের অভিযোগে হেলাল উদ্দিন নামের এক মাদকসেবিকে দুই মাসের বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম।

দণ্ডিত হেলাল উদ্দিন সদর উপজেলার কালীগাংনী ভিটা পাড়া গ্রামের

জহির উদ্দীনের ছেলে। সে এলাকার একজন চিহ্নিত মাদকসেবী।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকালের দিকে কালীগাংনী গ্রামে ভ্রাম্যমান আদালত বসিয়ে এই রায় দেন।

এর আগে এর আগে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে কালিগাংনী গ্রামে অভিযান চালিয়ে মাদক সেবন অবস্থায় তাকে আটক করেন। পরে ভ্রাম্যমান আদালতে নেয়া হয়।

সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম জানান, মাদক সেবনের কথা শিকার করায় তাকে ২ মাস বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা জরিমানা করা হয়। দণ্ডিত হেলাল উদ্দিনকে বিকেলেই মেহেরপুর জেলা করাগারে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় ফেন্সিডিলসহ পুরাতন বাস্তপুরের হাসান আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ বোতল ফেন্সিডিলসহ একজনকে আটক করেছেন।

আটকৃত হাসান আলি(৩০) পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে।গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে হাউলী জয়রামপুর ফকিরপাড়া পাকা রাস্তার উপর থেকে ১২ বোতল ফেন্সিডিলসহ তাকে আটক করা হয়।

জানাযায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে এস আই আসাদুজ্জামান আসাদ, এ এস আই মহানন্দ সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের কিতাব আলির ছেলে হাসান আলিকে আটক করেন। পরে তার দেহ তল্লাশী করে ১২ বোতল ফেন্সিডিল উদ্ধার করে।

দামুড়হুদা মডেল থানায় তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় ২৫ পিস ইয়াবাসহ যুবক গ্রেফতার

আলমডাঙ্গায় ২৫ পিস ইয়াবাসহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে পৌর এলাকার সোহাগ মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী রফিকুল ইসলাম কুষ্টিয়া ইবি থানাধীন পাটিকাবাড়ি গ্রামের শুকুর আলীর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে পৌর এলাকার সোহাগ মোড়ে আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়ার নির্দেশে অভিযান পরিচালনা করেন থানার উপ-পরিদর্শক (এসআই) হাদিউজ্জামান। সোহাগ মোড়ে অভিযান চালিয়ে রফিকুল ইসলাম নামের এক যুবককে গ্রেপ্তার করেন। এ সময় তার কাছ থেকে ২৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া বলেন, ‘গ্রেফতারকৃত আসামী ইয়াবা বিক্রেতা। তার বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।’

গাংনীতে যৌথ অভিযানে যুবককে জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে র্যাবের ও ভ্রাম্যমান আদালতের যৌথ অভিযানে নেশা জাতীয় ইনজেকশন ও গাঁজাসহ আটক আসাদুজ্জামান রাব্বি
(২৪) কে এক বছর বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) দুপুর ৩ টার দিকে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্পর কমান্ডার এএসপি মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।

দণ্ডিত আসাদুজ্জামান রাব্বি গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মোঃ রবিউল ইসলামের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯(১)(গ) ও ৩৬(১)(১৬) ধারায় এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও নগদ এক হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এর আগে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিসি-৩, মেহেরপুর এর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এবং নির্বাহী ম্যাজিস্ট্রট ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে গাংনী পৌরসভার ০৪ নং ওয়ার্ডের ক্ষনিকালয় বোর্ডিং এর সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে রাব্বিকে নেশা জাতীয় ৪ টি ফেন্টি, ৪ টির পেন্টাজো ইনজেকশন, দুই পুরিয়া গাঁজা এবং মাদকগ্রহণ কাজে ব্যবহৃত ১ টি সিরিঞ্জ উদ্ধার করা হয়।

এসময় সেখানে ভ্রাম্যমান আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করে এই কারাদন্ড প্রদান ও জরিমানা আদায় করা হয়। যার মোবাইল কোর্ট মামলা নং-১০/২৪, তারিখ-০৮/০২/২৪।

পরে বিকালের দিকে দণ্ডাদেশপ্রাপ্ত রাব্বিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়। এছাড়া জব্দকৃত মাদক পুড়িয়ে ধংশ করা হয়।